

ময়মনসিংহ বিভাগীয় প্রেসক্লাব-এর উদ্দেশ্য ও লক্ষ্য

১. ‘ময়মনসিংহ বিভাগীয় প্রেসক্লাব’ একটি অরাজনৈতিক ও অলাভজনক হিসেবে বিভিন্ন প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়ার সংবাদকর্মীদের মধ্যে ঐক্য গঠনের লক্ষ্যে নির্বেদিত সংগঠন।
২. অসচ্ছল সাংবাদিকদের আর্থিকভাবে সহযোগিতা করাসহ সংবাদকর্মীদের কল্যাণে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলা।
৩. সদস্য ও সমাজের মানুষের আর্থ-সামাজিক অবস্থার ইতিবাচক পরিবর্তনের মাধ্যমে জীবন মানের সার্বিক উন্নয়ন এবং ন্যায্য প্রতিষ্ঠার মাধ্যমে একটি প্রগতিশীল সমাজ গড়ে তোলা।
৪. সদস্যদের সঞ্চয় সরকারী-বেসরকারী, দেশী-বিদেশী দাতা সংস্থার অর্থায়নে মূলধন সৃষ্টি করে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করে সাংবাদিক/সাংবাদিকদের পরিবারের সদস্যদের শিক্ষা, চিকিৎসা, আবাসনের মান উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে স্কুল, কলেজ, মাদ্রাসা, মেডিকেল কলেজ ও হাসপাতাল, আবাসিক বাসস্থান ও ট্রেনিং সেন্টার প্রতিষ্ঠা করা।
৫. জাতীয় জীবনে সকল ক্ষেত্রে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করা।
৬. দেশ ও সমাজ বিরোধী সকল কার্যক্রম বন্ধের জন্য কাজ করা এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কাজ করা।
৭. পল্লী দারিদ্র্য জনগোষ্ঠী, শহরে বস্তি এলাকায় বসবাসকারী, প্রাকৃতিক দূযোগ কবলিত চরাঞ্চরের অধিবাসী সীমিত আয়ের চাকরীজীবি ও পেশাজীবি লোকজনের আবাসন সমস্যা লাঘব ও গৃহায়নে সহায়তা প্রদানের উদ্দেশ্যে প্লট ক্রয়, ফ্লাট/এপার্টমেন্ট নির্মাণ বাড়ী/গৃহ নির্মাণ করে কম মুনাফায় সহজ কিসিতে পরিশোধযোগ্য বিনিয়োগ সুবিধা প্রদান করে।
৮. শিক্ষাই জাতির মেরুদণ্ড। যে জাতি যত বেশী শিক্ষিত হতে পেরেছে, সে জাতি তত বেশী উন্নত হতে পেরেছে। তাই একটি উন্নত জাতি গঠনের লক্ষ্যে শিক্ষার উন্নয়ন ও বিস্তারের জন্যে প্রয়োজনীয় স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়, প্রশিক্ষণ ইনসিটিউট, গবেষণাগার, প্রাথমিক ও গণশিক্ষাকেন্দ্র, মসজিদ/মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কেন্দ্র, গণপাঠাগার ইত্যাদি স্থাপন ও পরিচালনা করা।
৯. পথিকৃত বিশিষ্ট সাংবাদিক, কলামিষ্ট, লেখক, কবি-সাহিত্যিক, আইনজীবি, শিল্পী, চিকিৎসক, প্রকৌশলী, বিজ্ঞানী, উধ্যোক্তা এবং প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষানুরাগীসহ স্বস্ত ক্ষেত্রে তথা জাতীয় পর্যায়ে সরকারী ও বেসরকারী সকল সেক্টরের বিশিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গদের এবং প্রতিষ্ঠানের অবদান স্বীকৃতি স্বরূপ ‘ময়মনসিংহ বিভাগীয় প্রেসক্লাব’ এর পক্ষ থেকে প্রতি বছর গুণীজন সংবর্ধনার ব্যবস্থা করা।
১০. পেশাগত দায়িত্ব পালন কালে প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়ার কোন সাংবাদিক/সংবাদকর্মী যেকোন প্রকার ক্ষতিগ্রস্থ হলে কিংবা নির্যাতিত হলে কিংবা লাখিত হলে কিংবা যে কোন মামলা বা হামলার শিকার হলে অথবা ঐ সংবাদ প্রচার/প্রকাশ/সম্প্রচার করার কারণে ও তার পরিবারবর্গের উপর কিংবা তার সংবাদ প্রতিষ্ঠানের উপর কোন প্রকার প্রতিহিংসা স্বরূপ প্রতিকূল প্রভাব পড়লে ঐ সব বিষয়ে সার্বিক সহযোগীতা করে যাওয়া।

সদস্য হওয়ার নিয়মাবলি ও আদশ

১. আগ্রহী প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে। জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধনের ফটোকপি, চারিত্রিক সনদপত্র এবং ৩(তিনি) কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে।
২. আগ্রহী প্রার্থীকে ‘ময়মনসিংহ বিভাগীয় প্রেসক্লাব’-এর নির্ধারিত ফরম পূরণের মাধ্যমে আবেদন করতে হবে এবং ভর্তি ফি বাবদ ১০০/- (একশত) টাকা প্রদান করতে হবে। মাসিক ৫০/- (পঞ্চাশ) টাকা চাঁদা প্রদান করতে হবে।
৩. সদস্য সংখ্যা সীমিত। নির্দিষ্ট সংখ্যক সদস্য হওয়ার পর নির্বাচনের মাধ্যমে পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হবে।
৪. ‘ময়মনসিংহ বিভাগীয় প্রেসক্লাব’-এর যে কোন সিদ্ধান্ত কার্যনির্বাহী সভা/সাধারণ সভায় সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতেই গ্রহণ করা হবে।
৫. কোন সদস্য উপরোক্ত নিয়মাবলি মেনে না চললে বা কোন নিয়ম ভঙ্গ করলে ‘ময়মনসিংহ বিভাগীয় প্রেসক্লাব’ এর আহ্বায়ক/সভাপতি যে কোন সময় জরুরি সভা আহ্বায়ন করে কারণ দর্শীয়ে যে কোন সদস্যের সদস্য পদ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
৬. সাধারণ সভায় এক তৃতীয়াংশ সদস্যের মতামত অনুসারে সকল নিয়মকানুন পরিবর্তন, সংযোজন ও বিয়োজন করিতে পারিবেন।

উপরে উল্লেখিত ‘ময়মনসিংহ বিভাগীয় প্রেসক্লাব’-এর বর্তমান ও ভবিষ্যৎ কার্যক্রম ও নিয়মাবলি বিশ্লেষণ করে ‘ময়মনসিংহ বিভাগীয় প্রেসক্লাব’ এর আদর্শে অনুপ্রাণিত হয়ে উপরোক্ত সকল নিয়মাবলী মেনে নিয়ে অত্র আবেদনপত্রে স্বেচ্ছায় ও স্বজ্ঞানে স্বাক্ষর করিলাম।

তারিখ.....

আবেদনকারীর স্বাক্ষর